



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

(হিসাব বিভাগ)

www.badc.gov.bd


স্মারক নং-১২.২৩২.০২.০২৪.০০০০.৩৩৪/২০১৭-১৮/৩২৯

তারিখ: ০৫ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

পরিপত্র

সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি সোনালী ব্যাংক লিঃ, কৃষি ভবন শাখা, ঢাকা কর্তৃক বিএডিসির বিভিন্ন বিভাগ হতে প্রাপ্ত চেক/পে-অর্ডার/ডিডি সমূহ ব্যাংক হিসাবের শিরোনামের সাথে ভিন্নতার কারণে উক্ত চেক/পে-অর্ডার/ডিডি সমূহ জমা না নিয়ে ফেরৎ প্রদান করছে। ফলে সংস্থার বিভিন্ন প্রাপ্তি যথাসময়ে হিসাব বিভাগে জমা হচ্ছেনা। যার প্রেক্ষিতে আপনার অধীনস্থ সকল দপ্তরসমূহকে বিএডিসির বিভিন্ন পক্ষের নিকট হতে প্রাপ্য অর্থ 'বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন/ বিএডিসি' ইত্যাদি শিরোনামে 'চেক/পে-অর্ডার/ডিডি'র মাধ্যমে আদায়ের পরিবর্তে নিম্নে উল্লিখিত ছকের ২ নং কলামে বর্ণিত খাতের বিপরীতে ৩ নং কলামে বর্ণিত ব্যাংক হিসাবের শিরোনামে চেক/পে-অর্ডার/ডিডি ইস্যু করে সোনালী ব্যাংক লিঃ, কৃষি ভবন শাখায় রক্ষিত নিম্ন বর্ণিত ব্যাংক হিসাবে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করবেন। উল্লেখ্য যে, নিম্ন বর্ণিত ব্যাংক হিসাবে সরাসরি কোন বিভাগ হতে জমা করলে, জমা ভাউচারের কপি (তার খাতওয়ারী বিবরণীসহ) আবশ্যিকভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্রঃনং	প্রাপ্ত আয়ের খাত	চেক/পে-অর্ডার/ডিডির শিরোনাম
১	২	৩
০১।	সদর দপ্তরের বিবিধ প্রাপ্তি	"বিএডিসি হেডকোয়ার্টার কনসোলিডেটেড একাউন্ট" হিসাব নম্বরঃ ৩৬০০০০৫৩।
০২।	ডিলার/ঠিকাদার/জন্যান্যদের নিকট হতে জামানত বাবদ প্রাপ্তি	"বিএডিসি সিকিউরিটি ডিপোজিট একাউন্ট" হিসাব নম্বরঃ ৩৬০০০০২৯।


মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন
হিসাব নিয়ন্ত্রক (চঃদাঃ)
বিএডিসি, ঢাকা।
ফোন- ৯৫৫২১৫০

স্মারক নং-১২.২৩২.০২.০২৪.০০০০.৩৩৪/২০১৭-১৮/৩২৯/৩২৯

তারিখ: ০৫ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি ঢাকা।
- ২। সদস্য পরিচালক (অর্থ/ বীজ ও উদ্যান/ক্ষুদ্রসেচ/সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক (ক্রয়/তদন্ত/ অর্থ/বীজ/ সার ব্যবস্থাপনা/ উদ্যান/এএসসি/ পাটবীজ), বিএডিসি, ঢাকা।
- ৫। প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
- ৬। মুখ্যসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ)/ জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৭। প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৮। আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (সকল), বিএডিসি।
- ৯। সহকারী হিসাব নিয়ন্ত্রক (নেগদান/বীমা/প্রঃভঃতঃ/ব্যঃদাঃ/বিল/সমন্বয়/রাজস্ব/প্রকল্প/কেঃখঃ/চঃহিঃ/আর.আর.এস), হিসাব বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ১০। সহকারী সচিব, হিসাব বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ১১। অফিস কপি।


অসীম কুমার সরকার
সহকারী হিসাব নিয়ন্ত্রক (ব্যংকিং)
বিএডিসি, ঢাকা।